

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার নং-১৯

২৭ ডিসেম্বর ২০২০
তারিখ : -----
১২ পৌষ ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ভার্চুয়াল আইডি কার্ডধারী আইটি ফ্রিল্যান্সারদেরকে সহজে ঋণ সুবিধা ও ক্রেডিট কার্ড সুবিধা প্রদান প্রসঙ্গে।

তথ্যপ্রযুক্তি ভিত্তিক শিল্পের মধ্যে ফ্রিল্যান্সারদের Outsourcing এর মাধ্যমে অর্জিত বৈদেশিক মুদ্রা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং ইতোমধ্যেই তা দেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য অবদান রাখতে শুরু করেছে। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে সরকার ফ্রিল্যান্সিং খাতে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ তৈরী, উদ্যোক্তা তৈরী, কর্মসংস্থান সৃষ্টি ও বিনিয়োগ বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করেছে। তথ্যপ্রযুক্তি খাতে পারদর্শী ফ্রিল্যান্সারদের সামাজিক ও প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদানের নিমিত্ত ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাংলাদেশের আইটি ফ্রিল্যান্সারদের ভার্চুয়াল আইডি কার্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ভার্চুয়াল আইডি কার্ডধারী ফ্রিল্যান্সারদেরকে সহজে ঋণ সুবিধা ও ক্রেডিট কার্ড সুবিধা প্রদান করা হলে অমিত সম্ভাবনাময় ফ্রিল্যান্সিং সেক্টর যথাযথভাবে বিকশিত হওয়ার সুযোগ পাবে এবং সরকারের লক্ষ্যমাত্রা অনুযায়ী বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অবদান রাখতে পারবে।

০২। এমতাবস্থায়, সম্ভাবনাময় ফ্রিল্যান্সিং সেক্টরের প্রয়োজনীয় বিকাশের লক্ষ্যে বিদ্যমান ব্যাংকিং আইন-কানুন ও বিধি-বিধান পরিপালন সাপেক্ষে ভার্চুয়াল আইডি কার্ডধারী আইটি ফ্রিল্যান্সারদেরকে ঋণ সুবিধা ও ক্রেডিট কার্ড সুবিধা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২